REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৭শে ভাদ্র বুধবার ১৩৩৫ ইংরাজী 12th September 1928. | ১৮শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵২ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সচিত্র লজ্জতন্নেছা

যে পুস্তক পাঠের আশায় বাঙ্গালার পাঠকগণ এতকাল নিরাশ হইয়াছিলেন ইহা সেই যুগান্তকারী ভোজরাজ মন্ত্রী কোকা পণ্ডিত বিরচিত সকলের আকাঙ্ক্ষিত সচিত্র লজ্জতন্নেছা। যে কামশাস্ত্র জ্ঞানের অধিকারী হওয়ায় কোকা পণ্ডিতকে অশীতিপর বৃদ্ধ হইলেও যুবতীবৃন্দ তাহাকে পাইবার জন্য পাগলিনী প্রায় হইয়া রূপবান ভোজরাজকেও উপেক্ষা করিয়াছিল—ইহাতে সেই কোকা পণ্ডিতের জ্ঞানভাণ্ডার সম্পূর্ণ লিপিবদ্ধ আছে। ইহা জগতের স্ত্রী পুরুষের শ্রেণী, বর্ণ, স্বভাব, আকাঙ্ক্ষাদির বিবরণ সতী অসতী নিরূপণের উপায়, সৎ ও অসৎ, অল্পায়ু ও দীর্ঘায়ু সন্তান হইবার কারণ ও ইচ্ছামত পুত্র কন্যালাভ, সহবাসরীতি পুরুষের প্রতি স্ত্রীর অনুরাগ বৃদ্ধির উপায় রতিক্রিয়া সম্যক উপভোগের পন্থাদি—কামশাস্ত্রীয় সকল গুপ্ত বিষয় বিশদ-ভাবে বর্ণিত আছে। কোকা পণ্ডিতের ন্যায় কামশাস্ত্রজ্ঞ রমণীরঞ্জক হইয়া দীর্ঘজীবন লাভের আশা করিলে এই সুদুর্লভ লজ্জতন্নেছা পাঠ করিতে ভুলিবেন না। মূল্য ১ খানি এক টাকা ডাক মাশুল ।০ চারি আনা।

প্রাপ্তিস্থান—এস, সি, শীল, ১৫।৩ লক্ষ্মী দত্তের লেন, পোঃ বাগবাজার কলিকাতা।

# হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস একজিল্ড অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৷০

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।





কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে

মূল্য আট আনা মাত্র




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ প্রাশত্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৭শে ভাদ্র বুধবার ১৩৩৫ সাল।

## 'শতং বদ মা লিখ'।

—•—

পণ্ডিতরা খুব ভেবে চিন্তে এই নীতি বাক্যটী বলেছেন "শতং বদ মা লিখ" অর্থাৎ মুখে একশ বার বল কিন্তু লিখিওনা। তার কারণ মুখের কথা অস্বীকার ক'রে সারবার উপায় আছে লেখা জিনিস অস্বীকার কর্‌বার উপায় নাই।

আমাদের ছুরদৃষ্ট—পেটের জন্য এই লেখাই জীবিকা নির্ব্বাহের একমাত্র উপায়; কাজেই না লিখ্‌লে খাব কি? পণ্ডিতের পরামর্শ "মা লিখ" আমরা সে পরামর্শ না শুনে, লিখি, আবার তাই ছেপে দেশে দেশে বিলি করি। যে লেখাটী যার অপছন্দ হয় বা স্বার্থের হানি করে সেই বিরক্ত হয়। সুতরাং মাঝে মাঝে অনেকের দাঁত খিটিমিটি (নেপথ্যে) আমাদের সহ্য কর্‌তে হয়।

অনেকে বলেন—একবার আইনের ধারায় পেলে নয়নধারা ঝরিয়ে দেবেন। আইনজ্ঞ বা আইন-পরিচালকও আইনের ধারার বাহিরে নন। আইন-পরিচালনের একটুকু এদিক ওদিক হ'লেই, তাঁর হাতের আইন তাঁরই বিরুদ্ধে প্রযুক্ত হয়। এই কথা সবাই জানে ব'লেই একজন দরিদ্র চাষাও বলে "বাবার উপর বাবা" আছে।

আমাদের যত পার শাসাও, মুণ্ডমালার দাঁত খিটিমিটি যত পার দেখাও, আমাদের লেখা যদি স্বার্থহানি করে, আমরা তোমাদের কাছে কোন মিষ্টি ব্যবহার বা কোন অনুগ্রহ লাভের আকাঙ্ক্ষা করি না। যাত্রার দলের ভীমের তুলো পোরা গদা ঘোরান ঢের দেখেছি।

নাচার সাহায্যপ্রার্থী দায়গ্রস্ত ভিকারীর সঙ্গে রসিকতা করাটা কতদূর ন্যায়সঙ্গত? এরই মধ্যে দুই তিনজন সাহায্যপ্রার্থী আমাদের কাছে এসে বল্লে—মশাই, অমুকের কাছে গিয়েছিলাম—তিনি বল্লেন—কাগজওয়ালার কাছে যাও তাদের প্রাণ দেশের জন্য কাঁদে। কাগজে লম্বা চওড়া প্রবন্ধ লেখে, তারাই তোমাদের দুঃখ দূর কর্‌বে। বলিহারী দয়াময়! এই ভিকারীর সঙ্গে ইয়ারকীটা ক'রে তাকে একজন দরিদ্রের কুটীর দেখিয়ে দিতে কি একটুকুও সঙ্কোচ বোধ হ'ল না? আবার একজন এসে বল্লেন মশাই অমুক বল্লে—গোটা কত ছড়া লিখতে শিখে কাগজওয়ালা মনে ক'রেছে যে সে সবজান্তা। বলি—লেখাপড়া তো জানা আছে যদি কাগজের কোন লেখা নিজের মনোমত না হয়, নিজে না পারেন, নিজের অনুগামী কোন লোককে দিয়ে একটা প্রতিবাদ লিখিয়ে কিম্বা রাজদ্বারে দাঁড়িয়ে কাগজওয়ালাকে নাস্তানাবুদ কর্‌লেই পারেন। এই গাড়োয়ানী ইয়ার্কীতে নিজের হৃদয়ের গলৎটাই যে দেখান হচ্ছে।

যে দেশের দুঃখের কথা লিখ্‌বে তাকেই দেশের দুঃখ দূর কর্‌তে হবে এ কোন্ আইনে লিখ্‌ছে। আইনে সে বিধান থাকলে সরকার দেশের জন্য ভাড়াটে দরদী, ভাড়াটে শান্তিরক্ষক রাখতেন না। কাগজওয়ালাদের দিয়েই সব কাজ করিয়ে নিতেন। দেশের লোক নিজের কান্না কাঁদতে জানেনা, নিজেদের শান্তি বিধান কর্‌তে পারেনা ব'লেই মাসে মাসে মোটা মোটা দক্ষিণাবাকি্য করে, রাহা খরচ দেয়, খোরাকী দেয়, তা সে ভাড়াটে দরদী পরের গাড়ীতেই যাক্, আর পরের বাড়ীতেই থাক্, মাস মাস বিল মিটিয়ে দিতে একটুকুও কার্পণ্য করেনা। এই সকল মোটা মাইনের কর্ম্মচারীগণের নিজের ঘর আছে, দেশ আছে তবু বিদেশে বিভূঁয়ে পরের কান্না কাঁদে রীতিমত কান্নার ভাড়া নিয়ে। কাগজওয়ালারা ভাড়াটে নয়। এটা যেন জানা থাকে। তারা 'হাঁ'য়ে 'হাঁ' 'না'য়ে 'না' দিতেও অভ্যস্ত নয়।

যে মহাপ্রভু আশ্রয়প্রার্থীকে দরিদ্রের দরজা দেখিয়ে দিয়ে, তৃষ্ণাতুরকে মরুভূমি দেখিয়ে দিয়ে, আত্মপ্রসাদ লাভ করেন তাঁকে আমরা কি ব'লে অভ্যর্থনা করবো? কেবল এই বলি—

"ওগো আমার দেশ দরদী
ছিলে তুমি কোন্ বিমানে?"

---

## বাঙ্গালা শাখা দুর্ভিক্ষ সাহায্য সমিতি।

—•—

গত ৮-৯-২৮ তারিখ পর্য্যন্ত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণ বাঙ্গালা শাখা দুর্ভিক্ষ সাহায্য সমিতিকে অর্থদ্বারা সাহায্য করিয়াছেন। উক্ত ভদ্রমহোদয়গণকে আমরা তাঁহাদের সহানুভূতি ও সাহায্যের জন্য ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। এখন বহু সাহায্যের প্রয়োজন; তজ্জন্য সর্ব্বসাধারণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সাবডিভিসন্যাল অফিসার জঙ্গিপুর ২৫৲,

নগিনদাস ফুলচাঁদ চিনাই ১১৲, কালীচরণ সিংহ ২৲, দ্বিজপদ চট্টোপাধ্যায় ৪৲, হরিদাস নাথ ১৲, আবদুল গোফুর (সার্কেল অফিসার) ২৲, তারাপদ দাস ১৲, আফজাল হোসেন খাঁ ৷৷০, ইসা খাঁ ৷৷০, সীতারাম মদনগোপাল ১৲ মৃণালকান্তি দে ১৲ সর্ব্ব সাং জঙ্গিপুর।

আশুতোষ সরকার ১৲, হরসামল আগরওয়ালা ১৲, বৃন্দাবনচন্দ্র রায় ১৲, (সাপ্তাহিক হিসাবে দিতে প্রতিশ্রুত), তিনকড়ি বন্দ্যোপাধ্যায় ৷০, পঞ্চানন চট্টোপাধ্যায় ৷৷০ সর্ব্ব সাং রঘুনাথগঞ্জ, সর্ব্বমোট ৫২৸০

বাঙ্গালা শাখা দুর্ভিক্ষ সাহায্য
সমিতির সম্পাদক মহাশয়ের
অনুমত্যানুসারে
শ্রীদুর্গাশঙ্কর শুকুল।

---

## প্রাপ্ত।

শ্রীযুক্ত জঙ্গিপুর সংবাদ পত্রের সম্পাদক মহাশয় সমীপেষু—

নিম্নলিখিত পত্রখানি প্রকাশ করিয়া বাধিত করিবেন।

জঙ্গিপুর মিউনিসিপালিটীর করদাতাগণের প্রতি নিবেদন—"শুনিতেছি আগামী ১৭ই সেপ্‌টেম্বর মিউনিসিপ্যাল ইলেক্‌সন্ হইবে। নিদ্রিত জঙ্গিপুর কয়দিনের জন্য যেন সজাগ হইয়াছে। মধ্য রাত্রির পরে ভোট ভিখারীরা ভোট ভিক্ষার জন্য বাহির হইতেছেন। যে বাবুরা সাধারণ লোকের সহিত কথা কহিতে লজ্জা বোধ করিতেন, আজ তাঁহারাই তাদের দুয়ারে নিশীথে ভোটের ঝুলি লইয়া হাজির হইয়া কত প্রিয় সম্বোধন করিতেছেন। প্রকাশ রাজকর্ম্মচারীর মধ্যে কেহ কেহ 'ক্যানভাস' করিতেছেন, যদিও উহা করা আইন বিরুদ্ধ। করদাতাগণের উচিত যেন তাঁরা উপযুক্ত লোককে ভোট দিয়া কমিশনার নিযুক্ত করেন নতুবা পরে তাঁহাদিগকেই ফলভোগ করিতে হইবে। আজ যে সব বিদেশী লোক নিজের স্বার্থ সিদ্ধির জন্য আক্রোশে চক্রান্ত করিতেছেন, তাঁরা ১৷৷ বা ২ বৎসর পরে বদলী হইয়া অন্যত্র যাইবেন। ফলভোগ আমাদিগকেই করিতে হইবে। পথ, ঘাট, পাইখানা রীতিমত পরিস্কার না হইলে, আমাদের ঝঞ্ঝাট ভোগ করিতে হইবে। এক পসলা বৃষ্টির পর জুতা পায় দিয়া পথ চলা পূর্ব্বের ন্যায় অসম্ভব হইবে। কৃষ্ণপক্ষে পথের আলো মিটিমিটি জ্বলিবে এবং ১১টা রাত্রির মধ্যেই নির্ব্বাপিত হইবে। কেরোসিন তেল উপিয়া যাইবে। যে সমস্ত উচ্চপদস্থ রাজকর্ম্মচারী 'ক্যানভাস' করিতেছেন তাঁহারা ট্যাক্‌সি গাড়ী ঘোড়া চড়িয়া গমনাগমন করেন এবং ভয় ভক্তিতে তাঁদের পাইখানা পরিস্কার হয়—যত অসুবিধা সাধারণকে ভোগ করিতে হয়। বিদেশী লোকেরা আমাদের মূর্খতা দেখিয়া মনে মনে হাসেন। ৩ বৎসর পূর্ব্বের রাস্তাঘাটের অবস্থা বোধ হয় মনে আছে, কত অল্প সংখ্যক আলো ছিল তাহা বোধ হয় বিস্মরণ হন নাই।

যাহাতে করদাতাগণের ট্যাক্‌স কর্পূরের মত উপিয়া না যায়, যাহাতে ঠিকমত ব্যয় হয় তাহা সকলের দেখা উচিত। আমার নিবেদন যেন নিজের নাক কাটিয়া পরের যাত্রা ভঙ্গ না করেন। 'মীরজাফরের দেশের লোক' এই কালিমা মুখে মাখিবেন না। একদিনের ভুলে সাধারণকে ৩ বৎসর তাহার ফলভোগ করিতে হইবে।

"জনৈক করদাতা"

---

## কাঙ্গালী ভোজন।

গত ২০শে ভাদ্র বুধবার জঙ্গিপুরের মহকুমা হাকিমের পূজনীয়া মাতৃদেবী জরুর গ্রামে স্বয়ং গিয়া ৭০০ জন বুভুক্ষু নরনারীকে পেট ভরিয়া খিচুরি খাওয়াইয়াছেন। প্রত্যেক সঙ্গতিপন্ন হিন্দু বিধবার এই দৃষ্টান্ত অনুকরণীয়।

---

## ৫৲ টাকা পুরস্কার।

গত ২২শে ভাদ্র শুক্রবার বেলা আন্দাজ ২টার সময়ে জঙ্গিপুর মুনসেফী আদালতে আমার পকেট হইতে গাঙ্গাড্‌ডা ও সেলাপুর পত্তনী মহালের দুইখানি বহু মুল্যবান রেজেষ্টরীকৃত পাট্টা ও একখানি মোকর্দ্দমার পেশ বহি ও অন্যান্য কতকগুলি আবশ্যকীয় কাগজ পত্রের পুটলী খোয়া গিয়াছে। উক্ত দলিল পত্রের দ্বারা অন্য কাহারও কোন উপকারের সম্ভাবনা নাই। যদি কোন ব্যক্তি উহা পাইয়া থাকেন তাহা হইলে জঙ্গিপুর কোর্টের উকিল শ্রীযুক্ত বাবু ফণিভূষণ মুখোপাধ্যায় মহাশয়কে বা নিম্নলিখিত ঠিকানায় আমাকে ফেরত দিলে বিশেষ উপকৃত হইব এবং উপকারীকে ৫৲ টাকা পুরস্কার দিব। ইতি সন ১৩৩৫ সাল ২৬শে ভাদ্র।

শ্রীকাশেমালী সেখ,
সাং গাঙ্গাড্‌ডা, ডিঃ সাগরদীঘি,
পোঃ ধনপতগঞ্জ, (মুর্শিদাবাদ।)

# জঙ্গিপুর সংবাদের

## ক্রোড় পত্র।

২৭শে ভাদ্র বুধবার ১৩৩৫, ইংরাজী ১২ই সেপ্টেম্বর ১৯২৮।

**বিরাট জাহাজ।**—লণ্ডনের সংবাদে প্রকাশ যে বেলফাষ্ট সহরে সম্প্রতি একটী যাত্রী জাহাজ তৈয়ার হইতেছে। উহাতে ৬০ হাজার টন বা প্রায় ১৬ লক্ষ ৩৫ হাজার মণ মাল ধরিবে এবং উহার নির্ম্মাণে ৬০ লক্ষ পাউণ্ড বা প্রায় ৮ কোটী ১০ লক্ষ টাকা ব্যয় পড়িবে।

---

## নিলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৫ই সেপ্টেম্বর ১৯২৮।

—০—

১৮২ খাং ডিঃ সেবাইত রাজা ভুপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং মহম্মদ সাবেরালি মিঞা দাবি ১৭৪৲ পং কোঙরপ্রতাপ মৌজে হোসেনপুর ১০৷৷০ কাত ২২৷০ আঃ ১৬০৲

১৯২ খাং ডিঃ মহম্মদ হাজি কাজিবুল্যা মণ্ডল দেং রোস্তম সেখ দাবি ৩৯৲ পং শুলতানউজিয়ান মৌজে কুসুমগাছি ৫৷৪ কাত ৫৷৶৭৷৷ আঃ ২০৲

২২৬ খাং ডিঃ নিত্যকালী দাসী দেং আসারী সেখ দাবি ২৯৲ পং গনকর মৌজে যোগাই ৮০৷৷০ কাত ৩৷৶০ আঃ ১০৲

২২৭ খাং ডিঃ সেবাইত নিত্যকালী দাসী দেং সেবার সেখ দাবি ২৪৶০ পং গনকর মৌজে সুজাপুর ২৷৷০ কাত ২৮/১০ আঃ ১০৲

২২৮ খাং ডিঃ ঐ দেং আবুল অহেদ সেখ দাবি ২৮৷/০ পরগনাদি ঐ ৮২ কাত ৩৷৷/০ আঃ ১৫৲

৩৮৯ খাং ডিঃ নবাব বাহাদুর অফ মুর্শিদাবাদ দেং আমজাদ হোসেন সেখ দাবি ৮৯৷৶৯ পং কাকজোল মৌজে জাফরগঞ্জ ২—৩২ শতক কাত ১৩৶৯ আঃ ৫০৲

৩৯০ খাং ডিঃ ঐ দেং আমজাদ হোসেন সেখ দিং দাবি ১৮৷/৬ পং ঐ মৌজে সমসপুর ·৩৭ একর জমির কাত ১৮৶৯ আঃ ১০৲

৩৯৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৷৷/০ পং ঐ মৌজে জাফরগঞ্জ ১—২৪ শতক কাত ২/৮ আঃ ১৫৲

৩৯৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৷৷৩ পং ঐ মৌজে লাঙ্গলদহি /৪ কাত ৮০ ও ফলকর ৶০ মোট ৮৶০ আঃ ১০৲

৪০১ খাং ডিঃ কিরণবালা দেবী দেং লালবিহারী দাস দিং দাবি ৩৪৷৶০ পং বহুতালী মৌজে বাহাগলপুর ৯/ কাত ৬৲ আঃ ৩০৲

৩১০ মনি ডিঃ কুঞ্জলাল মণ্ডল দিং দেং এব্রাহিম সেখ দাবি ২৫৩৮৶৩ পং দশহাজারী মৌজে কেন্দুয়া ১ শতক কাত /৬ আঃ ২৲ ২নং লাট ৪৯নং খতিয়ানের ৪৮৫৷৪৮৬৷৪৮৭ নং দাগে কাত জমা ৷৷/১০ আঃ ৫৲ ৩নং লাট ৬০নং খতিয়ানের ৪৭৩নং দাগে ২৷৶৩ ২২ শতক জমি আঃ ৫৲ ৪নং লাট ৫৫নং খতিয়ানের ৪৫৩নং দাগে জমা ৶৭ পাই আঃ ৫৲ ৬নং লাট ৫২নং খতিয়ানের ১৫৪নং দাগে ৷৶০ আঃ ২৲ ৭নং লাট ৫২নং খতিয়ানের ৫৫নং দাগে জমা ৷৶০ ১৬ শতক জমি আঃ ৫৲ ৮নং লাট ৭নং খতিয়ানের ৯০ নং দাগে ৩৪ শতক কাত ৷৶৯ আঃ ৫৲ ৯নং লাট ২৪৭নং খতিয়ানের ২৫১ শতক কাত ৷৶৯ আঃ ২৲ ১০নং লাট ৫৭নং খতিয়ানের ৪৬০ নং দাগ ৪৯ শতক আঃ ১০৲ ১১নং লাট ২৮ নং খতিয়ানের ৪৬৭ নং দাগ ২৩ শতক আঃ ৫৲ ১২নং লাট ৭নং খতিয়ানের ৪৭ দাগের ২০ শতক কাত ৷৶৯ আঃ৫৲ ১৩নং লাট ৬২নং খতিয়ানের ৯৮ দাগ জমা ১৲২ পাই আঃ১০৲

৩৪৭ মনি ডিঃ উমেদালী সর্দ্দার দেং এজারুদ্দি সেখ দাবি ৪৩৮/৩ পং রুকুনপুর মৌজে সাইদপুর ২/৩৷০ কাত ২৷৷৶১৬ আঃ ২০৲

৪১৫ মনি ডিঃ রাধানাথ ঘোষ দেং হৃষি মাহারা দাবি ৫৭/৬ পং কোঙরপ্রতাপ মৌজে ইটোর ১/ কাত ১৲ আঃ ১৫৲ ২নং লাট পং ঐ মৌজে চণ্ডীগ্রাম ১৷৷০ কাত ২৲ আঃ ১০৲

৪০[illegible] মনি ডিঃ মাখনচন্দ্র সরকার দেং তরিকুল্যা মণ্ডল দাবি ৪২/৬ পং গনকর মৌজে সাইদপুর ২৷১ কাত ৩৷৷২৷৷ তাহার অন্তর্গত ১/২৷৷ কাত ১৷৷০ আঃ ১৫৲

৫৫৯ মনি ডিঃ গৌরচন্দ্র দত্ত দেং নিত্যকালী দাসী দাবি ৬০৬৷৷/৩ মৌজে চর এনাতনগর ৯২৷৷২৮৶০ কাত ৫৫৷৷৮ আঃ ৫০০৲

৪১৪ মর্গেজ ডিঃ বামাচরণ দাস দেং খুদিরাম দাস দাবি ৫৫০৲ পং শুলতানউজিয়ান ২৷৷০ কাত ২৷৷৶০

৪১৬ মর্গেজ ডিঃ মহীউদ্দিন বিশ্বাস দেং সেরাজুদ্দিন সেখ দিং দাবি ১৭৩৷৬ পং গনকর মৌজে রামদেবপুর ১/ কাত ২৷০ আঃ ৭১৲

৫৩১ মর্গেজ ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং অস্তিরুদ্দি খাঁ দাবি ৫৩২৷৷৯ পং গনকর মৌজে দয়ারামপুর ৩/২৮ কাত ২৷৷১১ আঃ ৩০৲ তাহার অন্তর্গত ১৷৷১৯ বিঘা। ২নং লাট পং রুকুনপুর মৌজে তোকচাঁদপুর, রক্ষিতপুর ১/২৮৶ কাত ১৶০ আঃ ২৫৲ ৩নং লাট ঐ পরগনাদি মধ্যে ২/ কাত ১৷৷০ তাহার অন্তর্গত ১/ আঃ ২৫৲

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৮ই সেপ্টেম্বর ১৯২৮।

—০—

২৪৯ খাং ডিঃ মনোরঞ্জন ভট্টাচার্য্য দিং দেং সেখ সাখয়াত হোসেন দিং দাবি ১৬০৮৶০ পং রুকুনপুর মৌজে পাউলী ১৪৮৪ কাত ২২৲ আঃ ৫০৲

৪৪১ খাং ডিঃ ঐ দেং আবদুল রহমান সেখ দাবি ২২৷/৬ পং রুকুনপুর মৌজে পাউলী ৮৩ কাত ১৮৶৫ আঃ ২০৲

৩০২ খাং ডিঃ ভোলানাথ রায় চৌধুরী দেং অবনীন্দ্র কুমার সরকার দাবি ৮৮৲৬ পং সেরপুর মৌজে দোহালি ডাঙ্গাপাড়া ১০/১৷০ কাত ১২৷৷/১০ আঃ ৭৫৲

৩১৬ খাং ডিঃ মহান্ত সীতারাম দাস দেং গোবিন্দ মণ্ডল দাবি ৩৮৶৩ পং গোয়াস মৌজে তেলঙ্গল ৭৷৷০ কাত ১০৮/৬ আঃ ৩৫৲

৩১৯ খাং ডিঃ সত্যেন্দ্রনাথ পাল দিং দেং সুরেন্দ্রমোহন রায় চৌধুরী দাবি ১০৮৬৮/০ জেলা মুর্শিদাবাদ কালেকটরীর ২১৯নং তৌজির মহাল হুদা পাইকরের অন্তর্গত পরগণে নওয়ানগর মৌজে যোগপুর মায় মুদাফা রকম ৷৶০ ও উক্ত তৌজির অন্তর্গত জেলা বীরভুম হাল থানা মুরারই মৌজে কামারথুর ও গয়রহ রকম ৷৶০ আনা পত্তনীস্বত্ব যাহা ১৩০৫ সালের ১২ বৈশাখ তারিখে দেন্দারের পিতা মোহিনীমোহন চৌধুরী প্রদত্ত কবুলিয়ত মুলে ২৮৫৷৷০ টাকা বার্ষিক জমায় পত্তনী বন্দোবস্ত হয় উক্ত পত্তনী স্বত্ব নীলাম হইবে আঃ ১০৮৫৲

৩৭৮ খাং ডিঃ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় দেং জিন্নত নেসা বিবি দাবি ২৩/৬ পং গনকর মৌজে পাইকস্থা ৬/ কাত ৪৷৷/০ আঃ ১০৲

৩৭৯ খাং ডিঃ ঐ দেং কাবির খাঁ দিং দাবি ৪৬৷/৩ পং বিজয়পুর মৌজে নিজস্ব খরিদা জোত ১২/ কাত ৬/ আঃ ২৫৲

৪৪২ খাং ডিঃ ঐ দেং কিশোরীমোহন ঘোষ দিং দাবি ১১৷৷৶৯ পং গনকর মৌজে শ্রীকান্তবাটী ৷৷০ কাত ৷৷৶৫ আঃ ৫৲

৪৪৪ খাং ডিঃ ঐ দেং শশিভূষণ সাহা দাবি ৪১৮৶০ পং গনকর মৌজে শ্রীকান্তবাটী ৩৷৷০ কাত ৫৶৫ আঃ ২৫৲

৪৭৪ খাং ডিঃ সেবাইত নলিনীমোহন ঘোষ দেং লতিজান বিবি দাবি ১০৷/০ পং মঙ্গলপুর মৌজে উমরপুর ৷০ কাত ৷৶০ আঃ ৫৲

৫০৬ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং বিষ্ণুদাস বৈরাগ্য দাবি ১৩৶০ পং কুঙরপ্রতাপ মৌজে মিলকী ১/ কাত ১৲ আঃ ১৫৲

৫০৭ খাং ডিঃ ঐ দেং চন্দ্র কুনাই দিং দাবি ১০৷/০ পরগনাদি ঐ ১/ কাত ৷০ আঃ ১০৲

৫০৮ খাং ডিঃ ঐ দেং গোষ্ঠ নাপিত দিং দাবি ১৭৮৶০ পরগনাদি ঐ ৩৮০ কাত ১৮৶০ আঃ ১৫৲

## বাটী বিক্রয়।

—•—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে রঘুনাথগঞ্জ চাউলপটী মঠতলাস্থিত পোক্তা দোতালা বাটী যাহাতে আমাদের কাপড়ের দোকান ছিল ঐ বাটী বিক্রয় করা হইবে। গ্রাহক নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীদুর্গাচরণ সরকার,
সাং রঘুনাথগঞ্জ, ফাঁসিতলা।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস্‌এর

# চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেন্ট আছে।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩ নং ব্রজদুলাল ষ্ট্রীট্
কলিকাতা

## অত্যাশ্চর্য্য ব্যাপার।

সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, সূতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধসেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ।

MOTOR CARS  MOTOR BUS

## THE NEW FORD.

### নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
থাগড়া পোঃ ( মুর্শিদাবাদ )

## আর কিসের ভাবনা

ডাঃ ব্যানার্জ্জির আবিষ্কৃত ঔষধ ব্যবহার করিয়া নিরাময় হউন।

**জ্বরাঙ্কুশ**—সর্ব্বপ্রকার জ্বরের অমোঘ অব্যর্থ মহৌষধ। শত শত রোগী আরোগ্য লাভ করিয়া ইহার গুণকীর্ত্তন করিতেছে. খাইতে খারাপ নহে। মূল্য ॥৵০

**নিমোলীন**—পাচড়া, খোস, চুলকনা, সর্ব্বপ্রকার ক্ষত ঘা, উপদংশ ঘা প্রভৃতির মহৌষধ। তিন দিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইবে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য মাত্র ।৵০

**সর্ব্বদদ্রুনাশন**—বাজারের দাদের মলম হইতে ভাল কিনা পরীক্ষা করিলেই বুঝিতে পারিবেন। কাপড়ে দাগ লাগিবে না। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য ।০

পাইকারী ডজন দর স্বতন্ত্র। মাশুল পৃথক লাগিবে। এজেন্টগণের সহিত বিশেষ ব্যবস্থা করা যায়।

সোল এজেন্ট:—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

—•—

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ওযকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্র শক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৮০ বার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাক্তার নন্দলাল পাল এণ্ড সন্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার।

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

## নিলামের দিন ১৮ই সেপ্টেম্বর ১৯২৮।

৩৬৬ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং অভীষ্টচরণ সর্দ্দার দাবি ১৩৪/১০ পং রাজসাহী মৌজে মালঞ্চা ১১৫২॥ কাত ১৮৲১৯ আঃ ১০০৲

৫৩৫ খাং ডিঃ সুরেন্দ্রনাথ মাহাতা দিং দেং রসরাজ গোস্বামী দাবি ৩৫।০ পং এববরসাহী মৌজে খারিওর ৩/ কাত ৪/৫ আঃ ২৫৲

৫৫৭ খাং ডিঃ সৈয়দ মহসেন আলি মিঞা দিং দেং ফজলেরব্বি মণ্ডল দিং দাবি ২৮৮৫৵০ পং সুলতানউজিয়ান মৌজে হারোয়া ৬২॥২॥ কাত ৪৪॥৶৭ আঃ ২২৫৲

৫৭৫ খাং ডিঃ জয়চাঁদ সেয়াওগী দিং দেং ব্রজেন্দ্রনাথ সিংহ দাবি ৩৭॥/ পং গনকর মৌজে দয়ারামপুর ৪।৪॥ কাত ৩৫৵৬ আঃ ১০৲

৫৯৭ খাং ডিঃ রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ভূপেন্দ্রভূষণ ধর দাবি ৮১৫/৩ পং কোঙরপ্রতাপ মৌজে ইটোর ১০/ কাত ১২।০ আঃ ৭০৲

৫৯৮ খাং ডিঃ ঐ দেং বাসুদেব তেওয়ারী দাবি ৬৯৶৯ পং ঐ মৌজে গঞ্জসিংহেশ্বরী ১৩/৪৲১৩ কাত ১৩/০ আঃ ৬০৲

৫৯৯ খাং ডিঃ ঐ দেং জয়গোবিন্দ তেওয়ারী দাবি ৫৭৲ পরগনাদি ঐ ৬।২৲৭ কাত ৮৲ আঃ ৪৫৲

৬০২ খাং ডিঃ ঐ দেং ওসমান সেখ দিং দাবি ২৪৮৲ পং কোঙরপ্রতাপ মৌজে বাড়ালা ২৪/১॥০ কাত ৪৯।৵০ আঃ ২০০৲

২০৮ মর্গেজ ডিঃ মফিউল্যা বিশ্বাস দেং মৃত যদুপতি রায়ের ওয়ারিশ মনিমোহন রায় নাবালক দিং পক্ষে অলি মাতা উষামতি দেবী দাবি ১৬৩২/৬ ১১নং লাট পং গনকর মৌজে সাহাজাদপুর ৬/ কাত ৪৫৶১৬ এক-তৃতীয়াংশ আঃ ৮৲ ১২নং লাট ঐ মধ্যে ৪॥০ কাত ৩॥৵১০ এক-তৃতীয়াংশ আঃ ৬৲ ১৩নং লাট পং গনকর মৌজে রঘুনাথপুর ২।২ কাত ৮৲ এক-তৃতীয়াংশ। ১৬নং লাট মৌজে ঐ ১৭॥২ কাত ১৪৫২ আঃ ৭৫৲ ১৮নং লাট পং রুকুনপুর মৌজে কালিয়াই ৩/ কাত ১।৶৯॥ আঃ ১২৲ ১৯নং লাট মৌজে ছোট কালিয়াই ৫।১ কাত ৫৵১৭ আঃ ২০৲ ২২নং লাট মৌজে চাঁদপাড়া ৫।০ কাত ৭॥৵১৯ আঃ ৫৫৲ ২৩নং লাট পং ও মৌজে গনকর ৪॥০ কাত ৭৫০ আঃ ৩৫৲ ২৪নং লাট পং জোয়ারবিরাহিমপুর মৌজে আলমপুর লাখেরাজ ৫॥ বিঘা আঃ ২১৲ ২৫নং লাট পং শুলতানউজিয়ান তঃ গাম্ভিরা মধ্যে ১৯২নং তৌজি নিস্কর রোডসেস ॥৵০ আনা ১২/ বিঘা আঃ ৫১৲ ২৭নং লাট পং গনকর মৌজে সেকন্দরা ২/ লাখরাজ এক-তৃতীয়াংশ আঃ ৪৲ প্রকাশ থাকে যে ১৬।২৪ ২৫।১৯।২৩ নম্বরের সম্পত্তি ভজহরি নাথ দিং মর্গেজ দায় সংযোগে নীলাম হইবে।

২৫১ মর্গেজ ডিঃ রহিমবক্স বিশ্বাস দেং গোপেন্দ্রনাথ সাধু দাবি ৬২৩৫৶০ পং বহুতালি মৌজে বাহাগলপুর ১১।১ কাত ৮/৭॥ আঃ ১৪৯৲

২৬৬ মর্গেজ ডিঃ হরিলাল মণ্ডল দেং বিশ্বেশ্বর মণ্ডল দাবি ৪৬৫৫/০ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর খাজুরিয়া টাটী ৪॥১ তদুপরিস্থিত কুল বৃক্ষ ৩৫ পেড় কাত ২৫৶১৫ আঃ ১০০৲

৯৫ মনি ডিঃ রাধাগোপাল সিংহ দেং সোহরাপ সেখ নাবালক পক্ষে অলি মৌলভী আবদাস সামাদ উকিল লালবাগ কোর্ট দাবি ১০৭॥/০ পং আলিনগর মৌজে বালিয়া ১।০ কাত ১৫৶১০ আঃ ২০৲ ২নং লাট ঐ মধ্যে ২॥০ কাত ৮॥০ আঃ ২৫৲ ৩নং লাট ঐ মধ্যে ৫৩ কাত ১৵০ আঃ ১৫৲

২৫২ মনি ডিঃ শ্রীনন্দন সাহা দিং দেং নাহু সেখ দাবি ৩৯৬।০ পং রুকুনপুর মৌজে কালিয়াই ।১ কাত ১৫০ আঃ ৩৫০৲

২৪৩ রেহাণ ডিঃ শিবুরাম মণ্ডল দেং কুঞ্জলাল মণ্ডল দিং দাবি ৩৭৯।৩ পং রুকুনপুর মৌজে নয়নসুখ ২।০ কাত ৩॥১৩ আঃ ১৫০৲ তদুপরিস্থিত কুল গাছ আন্দাজ ৩৬ পেড় কাঁঠাল ছোট ৩টী খেড়ী ঘর ২খান সেটেলমেণ্ট দাগ নং ১২৩৩।১২৩৪ খতিয়ান নং ৬৮৮

( অবশিষ্ট নম্বরগুলি ক্রোড়পত্রে দেখুন। )







## 'সত্যের জয়'

# "মোহিনী"

## বিড়ীর নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল।

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর ( ভোলামিঞা এণ্ড কোম্পানীর ) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর ( ভোলামিঞা এণ্ড কোং'র ) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিবা লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

মুলজি সিক্কা এণ্ড কোং

হেড আফিস :—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী :—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, ( সি, পি, )।

সুস্থ শরীরে প্রহরী ও ভগ্ন স্বাস্থ্যের পক্ষে
অমৃত সঞ্জীবনী কে ?

## আতঙ্ক নিগ্রহ বটীকা।

এই বটীকা সুস্থ শরীরে সেবন করিলে যেমন শরীরকে অসুস্থ হইতে দেয় না, তেমনই অসুস্থ শরীরে সেবন করিলেও ব্যাধি হইতে সত্বরই নিরাময় হওয়া যায়। এই বটীকা যদি শুক্র-তারল্যে, স্বপ্নদোষে, অকালিক ক্ষয়ে, প্রমেহে, কোষ্ঠ কাঠিন্যে, অজীর্ণে, প্রস্রাব সম্বন্ধীয় পুরুষের রোগে সেবন করা যায়, তবে অব্যর্থ ফল প্রদান করে। ইহা স্ত্রীলোকের ব্যাধিতেও অসীম ফলদায়ক। ইহা সকল ঋতুতেই সেবন করা যায়। এই বটীকা শুদ্ধ গাছ গাছড়া দ্বারা প্রস্তুত। প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান ঃ—
বৈদ্য শাস্ত্রী।
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।
জঙ্গিপুর সংবাদ আফিস।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৴০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৴০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৷৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আন।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই এক শিশির মূল্য ১৷৷০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দোকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৷০ আট আনা, মাশুলাদি ৷৵০ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## ইলেক্ট্রিক্‌ সালিউসন্‌




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৷০ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেন্ট—ডাঃ ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিল—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া,
বাগী,
কাকবিড়ালা,
ঠুন্‌কা,
উরুস্তম্ভ,
শীতলী,
ভগন্দর,
ব্রণ,
পৃষ্ঠব্রণ,







বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্‌।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা
পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত